



## প্রেস বিজ্ঞপ্তি

### তীব্র তাপদাহে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস, পরীক্ষা সশরীরে

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ এপ্রিল ২০২৪খ্রিঃ

সারাদেশের উপর দিয়ে যে তীব্র তাপদাহ প্রবাহিত হচ্ছে তার প্রভাবে হিট স্ট্রোকসহ নানাবিধ স্বাস্থ্য ঝুঁকি তৈরি হয়েছে। এ অবস্থায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস আগামী ২২ এপ্রিল থেকে ৩০ এপ্রিল পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষাসমূহ যথারীতি চলমান থাকবে। ২১ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ৩টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত একটি জরুরী সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি বিবেচনা করে এ সিদ্ধান্ত গ্রহণ করেছে কর্তৃপক্ষ। একইসাথে শিক্ষার্থীদের হল অথবা বাসায় থাকাসহ অন্যান্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনেরও পরামর্শ প্রদান করে কর্তৃপক্ষ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়